

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জেলার খবর | 28 March, 2025

ময়মনসিংহে ১৪ তলা বিল্ডিংয়ের ছাদ থেকে লাফিয়ে এক তরুণী আত্মহত্যা করেছে। তাৎক্ষণিকভাবে তরুণীর পরিচয় পাওয়া যায়নি। শুক্রবার (২৮ মার্চ) দুপুর দিকে নগরীর গাঙ্গিনাপাড় এলাকায় বর্ণালী সিটি গার্ডেন ভবনে এ ঘটনা ঘটে।

ঘটনার সত্যতা নিশ্চিত করেন কোতোয়ালি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সফিকুল ইসলাম খান। সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ ও স্থানীয়দের বরাত দিয়ে ওসি জানান, দুপুর ১টা ১১ মিনিটে কেচি গেইট দিয়ে লিফটে করে বর্ণালী সিটি গার্ডেন ভবনের ১৩ তলায় যায়। সেখান থেকে সিঁড়ি বেয়ে ছাদে। এসময় ওই তরুণী মাস্ক পরিহিত অবস্থায় ছিলো। পরে লাফ দিয়ে সড়কে পড়ে মাথায় আঘাত পেয়ে তার মৃত্যু হয়। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠায়।

তিনি আরও জানান, প্রাথমিকভাবে ওই তরুণীর পরিচয় জানা যায়নি। ভবনে বসবাসরত কেউই চিনেনা বলে দাবি করেছেন। ধারণা করা হচ্ছে ওই তরুণী বাহির থেকে এসেছে। পরিচয় সনাক্তের চেষ্টা চলছে, পেলে আত্মহত্যার আসল কারণ জানা যাবে।

ময়মনসিংহ আত্মহত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/countrywide/775807140>